কালের কণ্ঠ

তারিখ: 11 SEP 2017
পৃষ্ঠা ১৩ কলাম ৮

# খুবি ও কুয়েটে অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু

খুলনা অফিস ▷

খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। গতকাল রবিবার খুবি ও আজ থেকে কুয়েটে অনলাইনের মাধ্যমে ভর্তি আবেদন করা যাচ্ছে।

খুলনা বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে, বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ায় এবার নিজস্ব প্রযুক্তিগত প্রক্রিয়া ব্যবহার করা হচ্ছে। এবার বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের সহায়তায় আইসিটি সেল ভর্তির এই প্রক্রিয়াটি সম্পন্ন করছে। গতকাল থেকে অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হয়েছে এবং তা চলবে ৯ অক্টোবর পর্যন্ত। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <www.ku.ac.bd> এবং kuadmission.online-এ পাওয়া যাবে। এ ছাড়া ভর্তিসংক্রান্ত যেকোনো তথ্য সংশ্লিষ্ট স্কুলের ডিন/ইনস্টিটিউটের পরিচালকের অফিস থেকে জানা যাবে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার আবেদন ফি বিকাশের মাধ্যমে প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের মার্চেন্ট অ্যাকাউন্ট নম্বর ০১৭০৩৬১১১০৯ তে টাইপ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

অপরদিকে খুলনা প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে, বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি পরীক্ষার আবেদনপত্র অনলাইনে পূরণ ও জমা প্রদান আজ সোমবার সকাল ১০টায় শুরু হবে, চলবে ২০ সেপ্টেম্বর রাত ১১.৫৯টা পর্যন্ত। ২১ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৩টা পর্যন্ত এ(A), টি অথবা পি চিহ্নিত আবেদনপত্র জমা নেওয়া হবে এবং ওই দিন বিকেল ৫টার মধ্যে টাকা জমা দিতে হবে। আগামী ৮ অক্টোবর বিকেল ৫টায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে। ভর্তি পরীক্ষা আগামী ২০ অক্টোবর সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ভর্তিসংক্রান্ত সব তথ্য www.admission.kuet.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।